

29 July, 2023

বঙ্গবাজার



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ‘ইংলিশ লিটারেচার’ বিষয়ে আন্তর্জাতিক সম্মেলন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগ এবং অ্যাসোসিয়েশন অব টিচার্স অব লিটারেচার্স ইন ইংলিশ, বাংলাদেশ (এটিএলইবি) যৌথভাবে ‘টিচিং ইংলিশ লিটারেচার অ্যান্ড ইন্টারডিসিপ্লিনারিটি’ শীর্ষক দুই দিনব্যাপী (২৮-২৯ জুলাই) আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ সম্মেলনে ইংল্যান্ড, সিঙ্গাপুর, ভারত এবং বাংলাদেশের ১৭০ জনের বেশি গবেষক অংশ নেন। সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন ইমেরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী। অধিবেশনে সভাপতিত্ব করেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন সৈয়দ মঞ্জুর এলাহী। সম্মেলনে ২১টি আলাদা সেশনে প্রায় ২০০টির বেশি গবেষণা প্রবন্ধ ও পোস্টার উপস্থাপন এবং এগুলো নিয়ে আলোচনা করা হয়।